অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/31/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অতীব-ঝুঁকিপূর্ণ কমিউনিটিগুলোতে আসক্তি প্রতিরোধ পরিষেবাগুলোকে সহায়তা করার জন্য 5.25 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন

অতীব-ঝুঁকিপূর্ণ জনসংখ্যাকে পরিষেবা প্রদানের বিষয়ে ফোকাস করার জন্য ফেডারেল তহবিল ছয় সেবাদানকারীকে মাদক সেবন ও প্রতিরোধ জোট গঠনের অনুমতি দেবে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেট জুড়ে ছয়টি মাদক সেবন ও প্রতিরোধ জোট গঠনের জন্য 5.25 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান ঘোষণা করেছেন। স্টেট অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস (State Office of Addiction Services and Supports) কর্তৃক পরিচালিত, তহবিলটি প্রাপকদের অতীব-ঝুঁকিপূর্ণ জনসংখ্যার উপর প্রতিরোধ প্রচেষ্টা ফোকাস করতে সক্ষম করবে যার মধ্যে রয়েছে কৃষ্ণাঙ্গ, আদিবাসী ও শ্বেতাঙ্গ ব্যতীত অন্যান্য ব্যক্তি; ভেটেরান্স; বয়স্ক, প্রতিবন্ধী ব্যক্তি এবং কারাবাসের ইতিহাসধারী বা ফৌজদারি-আইনি ব্যবস্থার সাথে অন্যান্য যোগাযোগ রয়েছে এমন যুবকবৃন্দ।

"আসক্তি জীবনের সকল স্তরের নিউ ইয়র্কবাসীদের প্রভাবিত করে এবং সংগ্রামীদের তাদের প্রয়োজনীয় সহায়তামূলক পরিষেবাগুলো পেতে সহায়তা করার জন্য আমাদের নিরাময়ের প্রতিটি সরঞ্জাম ব্যবহার করতে আমার প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে," **গভর্নর হোকল বলেন**। "প্রতিরোধ পরিষেবার এই সম্প্রসারণ আমাদেরকে আরো বেশি মানুষের কাছে পৌঁছানোর সুযোগ দেবে এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে আসক্তি সেবার পরিপূর্ণ ধারাবাহিকতা বজায় রাখার জন্য আমরা সমস্ত প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছি তা নিশ্চিত করবে।"

প্রতিরোধ কোয়ালিশন নকশা করা হয়েছে পরিবেশ পরিবর্তন সংক্রান্ত প্রতিরোধ কৌশল বিকাশ ও বাস্তবায়ন করার জন্য দুঃস্থ ও বিচ্ছিন্ন সম্প্রদায় এবং জনগোষ্ঠীর সাথে আরো ভালোভাবে জড়িত হওয়ার জন্য। তহবিলটি নির্দিষ্ট কমিউনিটি ও জনসংখ্যাকে সেবাদান করে সাংস্কৃতিকভাবে যথাযথ ও উপযোগী প্রতিরোধ উদ্যোগ গড়ে তোলার জন্য এই ছয়টি নতুন জোটকে সাহায্য করবে - নিউ ইয়র্ক সিটিতে দুইটি এবং স্টেটের বাকি এলাকায় চারটি।

অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস কমিশনার চিনাজো কানিংহাম বলেন, "প্রতিরোধ জোটগুলো বিশেষভাবে সেইসব কমিউনিটির উপর লক্ষ্য রাখে যেখানে তাদের ভিত্তি এবং কমিউনিটির পরিবর্তনকে প্রভাবিত করার জন্য শক্তিশালী প্রতিরোধ

পরিষেবাগুলো স্থাপনে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই তহবিলটি আমাদের পিছিয়ে থাকা কমিউনিটিগুলোতে এইসব গুরুত্বপূর্ণ প্রোগ্রামকে আরো সম্প্রসারিত করারা পাশাপাশি গুরুত্বপূর্ণ প্রমাণ-ভিত্তিক প্রোগ্রামিং, শিক্ষা ও অন্যান্য প্রতিরোধ প্রচেষ্টা সহ আরো বেশি লোকের কাছে পৌঁছানোর সুযোগ দেবে।"

সিনেটর চক শুমার বলেন, "ওপিওড মহামারীর দিক দিয়ে নিউ ইয়র্ক প্রথম সারিতে রয়েছে এবং সেই কারণেই ফেডারেল কোভিড রিলিফ বিলগুলোতে চিকিৎসা, প্রতিরোধ এবং নিরাময় পরিষেবাগুলোকে শক্তিশালী করার জন্য ঐতিহাসিক গতির ধারা অন্তর্ভুক্ত রয়েছে তা নিশ্চিত করার জন্য আমি এত কঠিন লড়াই করেছি। এই 5+ মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল বুস্ট লং আইল্যান্ড থেকে লুইস কাউন্টিতে আসক্তি-সেবাদানকারীদের জীবন বাঁচাতে এবং পিছিয়ে থাকা কমিউনিটিগুলোকে তাদের প্রয়োজনীয় সহায়তা পেতে সহায়তা করার জন্য প্রয়োজনীয় রিসোর্স নিশ্চিত করবে।"

রিপ্রেজেন্টেটিভ পল টোনকো বলেন, "কয়েক বছর ধরে, আমি আসক্তি সংশ্লিষ্ট রোগ মোকাবেলায় কাজ করার পাশাপাশি বর্তমানে সংগ্রামরত লক্ষ লক্ষ আমেরিকানদের জীবন রক্ষাকারী চিকিৎসার সহজ অ্যাক্সেসের জন্য কাজ করেছি। অংশীদারিত্ব এবং প্রতিনিধিদের অক্লান্ত পরিশ্রম, নিরাময় ব্যক্তি ও তাদের প্রিয়জন সবকিছুর জন্য ধন্যবাদ, আমার মেইনস্ট্রিমিং অ্যাডিকশন ট্রিটমেন্ট (Mainstreaming Addiction Treatment, MAT) আইন পাস এবং মাদক সেবন প্রতিরোধ ও চিকিৎসা ব্লক অনুদানের জন্য অর্থায়নের মাধ্যমে ওভারডোজ সংকটে আমাদের দেশের সমস্যা মোকাবেলা প্রক্রিয়াকে শক্তিশালী করতে আমি গর্বিত। আমি কৃতজ্ঞ যে সবচেয়ে বেশি প্রয়োজন এমন নিউ ইয়র্কবাসীদের প্রত্যাশা পূরণ ও সমর্থন প্রদানের জন্য নিবেদিত নেতৃত্ব ধারাবাহিকভাবে কাজ করে।"

রিসার্চ ফাউন্ডেশন ফর মেন্টাল হাইজিন, ইনকর্পোরেটেড এবং SAMHSA-এর পার্টনারশিপ ফর সাকসেস গ্রান্ট 2022-এর সহযোগিতায় নিউ ইয়র্ক স্টেটকে সম্প্রসারণের জন্য অর্থায়ন করা হয়েছে। প্রত্যেক প্রাপক পাঁচ বছর ধরে বার্ষিক 175,000 মার্কিন ডলার এবং মোট 875,000 মার্কিন ডলার পাবে।

সেন্ট্রাল নিউ ইয়র্ক

- অ্যাক্সেস টু ইন্ডিপেন্ডেন্স অব কর্টল্যান্ড কাউন্টি, ইনকর্পোরেটেড

ফিঙ্গার লেকস

- অন্টারিওর জন্য অংশীদারিত্ব (অন্টারিও কাউন্টির মাদকদ্রব্য সেবন প্রতিরোধ জোট)

লং আইল্যান্ড

- ফ্যামিলি অ্যান্ড চিল্ড্রেন'স অ্যাসোসিয়েশন

নিউ ইয়র্ক সিটি

- লেহম্যান কলেজের পক্ষ থেকে সিটি ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্ক (City University of New York, CUNY-এর রিসার্চ ফাউন্ডেশন (লেহম্যান প্রিভেনশন কলাবোরেটিভ)
- রিসেবোরো কমিউনিটি (Riseboro Community) অংশীদারিত্ব (সফল প্রতিরোধ জোটের জন্য RiseBoro অংশীদারিত্ব)

নর্থ কান্ট্রি

- মাউন্টেন ভিউ প্রিভেনশন সার্ভিসেস, ইনকর্পোরেটেড (ইউনাইটেড প্রিভেনশন "UP!" কোয়ালিশন অব লুইস কাউন্টি)

নিউ ইয়র্ক স্টেট ওভারডোজ মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছে এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা এবং ক্ষতি কমানো সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের একটি শীর্ষস্থানীয় চিকিৎসার ধারাবাহিকতা তৈরি করেছে। এর মধ্যে সংকটকালীন পরিষেবা সহ প্রথাগত পরিষেবাগুলোতে অ্যাক্সেস সম্প্রসারণ; হাসপাতালে ভর্তি হওয়া, বহির্বিভাগের রোগী এবং আবাসিক চিকিৎসা কার্যক্রম; আসক্তি নিরাময়ের ওষুধ এবং মোবাইলে চিকিৎসা ও পরিবহন পরিষেবা অন্তর্ভুক্ত রয়েছে।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের হেরোইন অ্যান্ড ওপিওড টাস্ক ফোর্স (Heroin and Opioid Task Force)-এর একজন সদস্য ছিলেন যেটি 2016 সালে নতুন, অপ্রচলিত পরিষেবাগুলোর জন্য সুপারিশ করেছিল। এইসকল সেবার মধ্যে রয়েছে রিকভারি সেন্টার, ইয়ুথ ক্লাবহাউজ, সম্প্রসারিত সহকর্মী পরিষেবা এবং উন্মুক্ত অ্যাক্সেস কেন্দ্রসমূহ যা পরিচর্যার ক্ষেত্রে তাৎক্ষণিক মূল্যায়ন এবং রেফারেলসমূহ প্রদান করে এবং প্রতিষ্ঠালগ্ন থেকেই স্টেটজুড়ে অসংখ্য কমিউনিটিতে অভাবগ্রস্থ লোকজনকে তাদের আবাসস্থলের পাশেই পরিচর্যায় অ্যাক্সেস পেতে সহায়তা করছে।

আসক্তির সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীরা, অথবা যাদের প্রিয়জন সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনে-24-ঘণ্টা সপ্তাহে-7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও আশা খুঁজে নিতে পারেন।

আসক্তি সংক্রান্ত লভ্য চিকিৎসা, যেমন ক্রাইসিস/ডিটক্স, হাসপাতালে ভর্তি হওয়া, রেসিডেনশিয়াল, বা বহির্বিভাগের রোগীদের সেবা, ইত্যাদি নিউ ইয়র্ক স্টেট OASAS চিকিৎসার লভ্যতা সংক্রান্ত ড্যাশবোর্ড ব্যবহার করে খুঁজে নেয়া যাবে যা FindAddictionTreatment.ny.gov ওয়েবসাইটে গিয়ে অথবা নিউ ইয়র্ক স্টেট OASAS ওয়েবসাইটের মাধ্যমে পাওয়া যাবে।

আপনি, অথবা আপনার প্রিয়জন, যদি চিকিৎসা সংক্রান্ত বীমা বাধার সম্মুখীন হন অথবা একটি অস্বীকৃত দাবির জন্য আবেদন দাখিল করার জন্য সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 888-614-

5400 নম্বরে ফোনে যোগাযোগ করুন অথবা ombuds@oasas.ny.gov ঠিকানায় ইমেইল করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন